

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ দূষণের দায়ে ঢাকা জেলার ধামরাই উপজেলার ৪ টি ইটভাটা ভেঙ্গে দিয়েছে এবং ৪৮ লক্ষ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং ও ঢাকা জেলা কার্যালয়ের সহায়তায়

আজ ০৬/১১/২০১৯ ইং তারিখ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) ২০১৩ (সংশোধিত ২০১৯) এর আলোকে ঢাকা জেলার ধামরাই উপজেলার কালামপুর ডাউটিয়া এলাকায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৪ টি অবৈধ ইটভাটাকে ভেঙ্গে ফেলা হয় এবং প্রত্যেকটি ইটভাটাকে ১২ লক্ষ টাকা করে মোট ৪৮ লক্ষ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়। ইটভাটাগুলো হলো-(১) মেসার্স এইচ এন্ড খান ব্রিকস; (২) মেসার্স ঙ্গল ব্রিকস; (৩) মেসার্স আইরিন ব্রিকস; এবং (৪) মেসার্স হোসেন ব্রিকস। মোবাইল কোর্ট পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ। এছাড়াও উক্ত অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ শরিফুল ইসলাম ও সহকারী পরিচালক মাহবুবুর রহমান খান। এতে আইন শৃঙ্খলা রক্ষায় সহায়তা করেন ঢাকা জেলার পুলিশ ফোর্স।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ জানান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০), পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০০৭) এবং ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) অনুযায়ী অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে প্রত্যেক জেলায় জেলায় মোবাইল পরিচালনার মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থা প্রদান করা হবে। অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট অভিযান অব্যাহত থাকবে।

তারিখঃ ০৬/১১/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্সঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।